# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬২

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ সাহায্যপ্রার্থীর হাতে নিজ হাতে সাদাকাহ করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ لِلْمُتَصَدِّقِ أَنْ يَضَعَ صَدَقَتَهُ فِي يَدِ السَّائِلِ بِيَدِهِ

আরবী

3362 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ بُجَيْدٍ: عَنْ جَدَّتِهِ أُمِّ بُجَيْدٍ ـ وَكَانَتْ مِمَّنْ بَايَعَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ أَنَّهَا قَالَتْ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
إِنَّ الْمِسْكِينَ لَيَقُومُ عَلَى بَابِي فَمَا أَجِدُ لَهُ شَيْئًا أُعْطِيهِ إِيَّاهُ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنْ لَمْ تَجِدِي لَهُ شَيْئًا تُعْطِينَهُ إِيَّاهُ إِلَّا ظِلفاً مُحْرَقاً فَادْفَعِيهِ إِلَيْهِ فِي يده)
الراوي : أُمّ بُجَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3362 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1467).

বাংলা

৩৩৬২. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বায়আত গ্রহণকারিনী সাহাবী উম্মু বুজাইদ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললাম, “নিশ্চয়ই মিসকীন ব্যক্তি আমার ঘরের দরজায় এসে দাঁড়ায় কিন্তু তাকে দেওয়ার মতো আমি কিছুই পাই না!” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “যদি তুমি তাকে দেওয়ার জন্য পশুর পোড়ানো পায়ের খুর ছাড়া কিছুই না পাও, তবে তুমি তার হাতে সেটিই দিয়ে দিবে।”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ১৬৬৭; তিরমিযী: ৬৬৫; নাসাঈ: ৫/৮৬; মুসনাদ আহমাদ: ৩/৩৮২-৩৮৩; সুনান বাইহাকী: ৪/১৭৭; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৭৩; হাকিম: ১/৪১৭; আত তায়ালিসী: ১৬৫৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ:

৩/১১১; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ৫/২৬২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু বুজাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92695

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন